গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
উন্নয়ন শাখা
রমনা, ঢাকা
www.publiclibrary.gov.bd

**স্মারক নম্বর:** ৪৩.২৬.০০০০.০০০.০০০.১৪.০০০২.১৯.৫

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **'দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি (৩য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের ভ্রাম্যমাণ লাইব্রেরির সেবাপ্রদান নির্দেশিকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে গণগ্রন্থাগার অধিদপ্তরের বাস্তবায়নাধীন 'দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি (৩য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি ব্যয় ও মেয়াদ বৃদ্ধিসহ গত ২৪.০৬.২০২৫ তারিখের জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভার সিদ্ধান্ত মোতাবেক পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক গত ০৯.০৭.২০২৫ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গত ২৮.০৭.২০২৫ তারিখে প্রকল্পের ৩য় সংশোধনের প্রশাসনিক আদেশ জারি করা হয়।

২। বিশ্বসাহিত্য কেন্দ্রের মাধ্যমে দেশব্যাপী ভ্রাম্যমাণ গাড়ি লাইব্রেরি পরিচালনার জন্য ইতোমধ্যে প্রকল্প কার্যালয়ের সাথে চুক্তি সম্পন্ন হয়েছে এবং গত ০৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে প্রকল্পের কার্যক্রমের শুভ উদ্বোধন হয়েছে।

৩। সারাদেশে ভ্রাম্যমাণ লাইব্রেরি সেবা সুষ্টুভাবে পরিচালনা, মনিটরিং ও মূল্যায়নের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ভ্রাম্যমাণ লাইব্রেরির সেবাপ্রদান নির্দেশিকা প্রণয়ন করেছে এবং বাস্তবায়নকারী সংস্থা হিসাবে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক সামগ্রিক কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে খালিদ মোহাম্মদ সাইফুল্লাহ, সিনিয়র লাইব্রেরিয়ান (উন্নয়ন)-কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনয়ন প্রদান করা হয়েছে।

৪। উপরোক্ত বিষয়সহ ভ্রাম্যমাণ লাইব্রেরির সেবাপ্রদান নির্দেশিকা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** সেবাপ্রদান নির্দেশিকা।

২৪-০২-২০২৬
সঞ্জীব সূত্রধর
পরিচালক
ফোন : ০২২২২২৯৪৫৮
ইমেইল : sangib_ict75@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক, 'দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি (৩য় সংশোধিত)' প্রকল্প।
২। পরিচালক (সকল)।
৩। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), (সকল)।
৪। সিনিয়র লাইব্রেরিয়ান/ লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক (সকল জেলা)।
৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ) এবং

৬। সহকারী লাইব্রেরিয়ান/ গ্রন্থাগারিক, উপজেলা সরকারি গণগ্রন্থাগার (সকল)।।

**স্মারক নম্বর:** ৪৩.২৬.০০০০.০০০.০০০.১৪.০০০২.১৯.৫/১ (২)

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব , অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)-এর দপ্তর , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং

২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর।

২৪-০২-২০২৬
খালিদ মোহাম্মদ সাইফুল্লাহ
সিনিয়র লাইব্রেরিয়ান

পরিশিষ্ট-২

# "দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি" শীর্ষক প্রকল্পের ভ্রাম্যমাণ লাইব্রেরির সেবাপ্রদান নির্দেশিকা

বাংলাদেশে জ্ঞানভিত্তিক সমাজ গঠনের লক্ষ্যে জনসাধারণ ও ছাত্র-ছাত্রীদের মধ্যে পাঠাভ্যাস বৃদ্ধি, শিক্ষা বিস্তার এবং তথ্যপ্রযুক্তি নির্ভর সেবা সম্প্রসারণ অত্যন্ত জরুরি। স্থায়ী গ্রন্থাগার সুবিধা সর্বত্র পৌঁছে দেওয়া সম্ভব নয় বিধায় ভ্রাম্যমান লাইব্রেরির মাধ্যমে জনগণের দোরগোড়ায় লাইব্রেরি সেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে ভ্রাম্যমাণ লাইব্রেরি একটি কার্যকর মাধ্যম হিসেবে বিবেচিত। এই নীতিমালা ভ্রাম্যমাণ লাইব্রেরির উদ্দেশ্য, অর্থায়ন, পরিচালনা ও কাঠামো এবং মূল্যায়নের দিকনির্দেশনা হিসেবে বিবেচিত হবে।

## উদ্দেশ্য

- ছাত্র-ছাত্রী ও সাধারণ মানুষের মধ্যে পাঠাভ্যাস বৃদ্ধি ও জ্ঞানচর্চার প্রসার ঘটানো।
- দূরবর্তী ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর কাছে বই পৌঁছে দেওয়া।
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সহায়ক পাঠাগার সেবা প্রদান করা।
- ডিজিটাল শিক্ষা ও তথ্যপ্রযুক্তি নির্ভর সেবা সম্প্রসারণ করা।
- সামাজিক সচেতনতা ও নাগরিক দায়িত্ববোধ বৃদ্ধি করা।
- জ্ঞানভিত্তিক জাতি গড়ে তোলা।

## অর্থায়ন

- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

## কাঠামো ও পরিচালনা

- পরিচালনা কর্তৃপক্ষ: গণগ্রন্থাগার অধিদপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- সেবাপ্রদানকারী সংস্থা: বিশ্বসাহিত্য কেন্দ্র।
- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং গণগ্রন্থাগার অধিদপ্তর প্রকল্পের অর্থ বিধিমোতাবেক এবং সঠিক ব্যবহার নিশ্চিত করবে।

## ভ্রাম্যমাণ লাইব্রেরির পরিচালনা পদ্ধতি

- ডিজাইন: দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরির গাড়ীর ডিজাইন, লোগো, সকল কনটেন্ট, যোগাযোগ উপকরণ ও সকল অনুষ্ঠান সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করে সম্পাদন করতে হবে।
- পরিবহন: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট রুট অনুযায়ী গাড়ি পরিচালনা করতে হবে।
- সংগ্রহ: গল্প, উপন্যাস, কবিতা, পাঠ্যবই, শিশুতোষ বই, বিজ্ঞান, কৃষি, স্বাস্থ্য ও প্রযুক্তি বিষয়ক বইসহ প্রয়োজনীয় ডিজিটাল কনটেন্ট সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন অনুযায়ী সরবরাহ করতে হবে।
- সময়সূচি: ভ্রাম্যমান লাইব্রেরির জন্য নির্ধারিত ছুটির দিন ব্যতিত নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী ভ্রাম্যমাণ লাইব্রেরি সেবা নিশ্চিত করতে হবে।

CamScanner
CamScanner

- ভ্রাম্যমাণ লাইব্রেরির প্রতিটি গাড়িতে প্রচার ব্যবস্থা (শব্দযন্ত্র/ ডিজিটাল স্ক্রিন) থাকতে হবে, যার মাধ্যমে গাড়ির অবস্থান ও অবস্থানের সময়কাল প্রচার করতে হবে।
- ভ্রাম্যমাণ লাইব্রেরি পরিচালনার ক্ষেত্রে সরকারী অর্থায়নে পরিচালিত ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বাস্তবায়িত প্রকল্পের বিষয়টি যাতে জনগণের দৃষ্টিগোচর হয় সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান তা নিশ্চিত করবে।
- সরকার ঘোষিত বিশেষ ও জাতীয় দিবসগুলোতে সরকারি কোনো অনুষ্ঠান চলাকালে অনুষ্ঠানস্থলে ভ্রাম্যমাণ লাইব্রেরির অবস্থান নিশ্চিত করতে হবে। গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মকর্তাগণ বিষয়টি মনিটরিং করবে।
- ভ্রাম্যমাণ লাইব্রেরির সেবা শিক্ষার্থীদের কাছে বা অধিক সংখ্যক পাঠক সমাগম সম্ভাব্য স্থানে সহজলভ্য করার লক্ষ্যে দিনের প্রথম ভাগে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিকটবর্তী স্থানে/অধিক পাঠক সমাবেত স্থানে ভ্রাম্যমাণ লাইব্রেরির গাড়ির অবস্থান নিশ্চিত করতে হবে।
- ভ্রাম্যমাণ লাইব্রেরির গাড়ি চলাচলের জন্য নিয়মিত 'লগ-বই' ব্যবহার করতে হবে।
- ভ্রাম্যমাণ লাইব্রেরির সকল গাড়িতে ডিজিটাল ট্রাকিং সিস্টেম যুক্ত থাকতে হবে।
- প্রকল্প পরিচালক সকল বিষয় তদারকি করবেন ও গণগ্রন্থাগার অধিদপ্তরকে অবহিত রাখবেন এবং তাদের পরামর্শ অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করবেন।
- গণগ্রন্থাগার অধিদপ্তর ভ্রাম্যমাণ লাইব্রেরির গাড়িগুলোর গতিবিধি নিয়মিত মনিটরিং করবেন এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রতিমাসে প্রতিবেদন দাখিল করবে।

## সেবা প্রদান

- সদস্যদের নির্দিষ্ট সময়ের জন্য বই প্রদান ও ফেরত গ্রহণের নিয়ম প্রযোজ্য হবে।
- স্থানীয় জনগণ ও ছাত্র-ছাত্রীরা নিবন্ধনের মাধ্যমে ভ্রাম্যমাণ লাইব্রেরির সদস্য হতে পারবে।
- বই ক্ষতিগ্রস্ত বা হারিয়ে গেলে ক্ষতিপূরণের নিয়ম কার্যকর হবে।
- সেবাপ্রদানকারী সংস্থা তরুণ প্রজন্মের মাঝে পাঠাভ্যাস গড়ে তুলতে নিয়মিত পাঠচক্রের আয়োজন করবে।
- সেবাপ্রদানকারী সংস্থা স্থানীয় জনগণকে সাংস্কৃতিক কর্মকান্ডে উদ্বুদ্ধ করতে সাংস্কৃতিক সংঘ স্থাপন করবে।
- সেবাপ্রদানকারী সংস্থা গণগ্রন্থাগার অধিদপ্তরের পরামর্শ ও সহযোগিতায় প্রতি জেলায় বছরে অন্তত একটি বই পড়া প্রতিযোগিতার আয়োজন করবে।

## সেবার মূল্য পরিশোধ

- সেবা প্রদানের জন্য প্রযোজ্য মূল্য সেবাপ্রদানকারীর নির্ধারিত একাউন্টে পরিশোধযোগ্য হবে।
- সেবাপ্রদানকারী প্রতি দুই(২) মাস অন্তর অন্তর সম্পাদিত সেবামূল্যের বিল দাখিল করবেন। প্রকল্প পরিচালক বিল প্রাপ্তির পর প্রয়োজনীয় যাচাই বাছাই ও অনুমোদনপূর্ব প্রাপ্য মূল্য পরিশোধ করবেন।
- চুক্তি বাতিল হলে বাতিল কার্যকরের তারিখ পর্যন্ত সেবাপ্রদানকারীর প্রদত্ত সেবার বিপরীতে প্রাপ্য মূল্য প্রয়োজনীয় কর্তনপূর্বক পরিশোধ করা হবে।

CamScanner

CamScanner

- চুক্তি অনুযায়ী সেবা প্রদানে ব্যর্থ হলে কর্তৃপক্ষ সেবাপ্রদানকারীর প্রতি স্থগিতাদেশ প্রদান বা আংশিক পেমেন্ট স্থগিত রাখার অধিকার সংরক্ষণ করেন।

## চূড়ান্ত মূল্য পরিশোধ

সেবাপ্রদানকারী চুক্তি অনুযায়ী সন্তোষজনকভাবে সকল সেবা প্রদান করে প্রতিবেদন দাখিল করবে এবং উক্ত প্রতিবেদন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে চূড়ান্ত মূল্য পরিশোধ করা হবে।

## কর্মী

- সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানকে ভ্রাম্যমাণ লাইব্রেরি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নির্ধারিত বাজেটের মধ্যে নিজস্ব ব্যবস্থাপনায় দক্ষ কর্মীর সেবা সরবরাহ করতে হবে। এ সেবা শুধুমাত্র প্রকল্প চলাকালীন কর্তৃপক্ষের সন্তুষ্টি ও সুষ্ঠুভাবে দায়িত্ব পালন সাপেক্ষে বহাল থাকবে।
- কর্মী নির্বাচন বা নিয়োগের ক্ষেত্রে সরকার বা গণগ্রন্থাগার অধিদপ্তরের কোনো সংশ্লেষ থাকবে না।
- ভ্রাম্যমাণ লাইব্রেরি পরিচালনার সাথে সংশ্লিষ্ট কোনো ব্যক্তি সরকারের কোনো আর্থিক সুযোগ-সুবিধা দাবি করতে পারবেন না।

## মনিটরিং ও মূল্যায়ন

- ভ্রাম্যমাণ লাইব্রেরির প্রতিটি গাড়িতে পরিদর্শন রেজিস্টারের মাধ্যমে সেবা গ্রহণকারীদের তাৎক্ষণিক মূল্যায়ন/ মতামত প্রদান করার ব্যবস্থা রাখবে।
- সেবাপ্রদানকারী সংস্থা প্রতি তিন মাস অন্তর কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে প্রকল্প পরিচালক ও গণগ্রন্থাগার অধিদপ্তর বরাবর দাখিল করবে। গণগ্রন্থাগার অধিদপ্তর উক্ত প্রতিবেদন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করবে।
- সেবাপ্রদানকারী সংস্থা নিয়মিতভাবে বই ব্যবহারকারীর সংখ্যা, বই সরবরাহের পরিসংখ্যান সংগ্রহ এবং সংরক্ষণ নিশ্চিত করবে।
- গণগ্রন্থাগার অধিদপ্তর ভ্রাম্যমাণ লাইব্রেরি পরিচালনার কার্যক্রম নিয়মিত মনিটরিং করবে।

## আইনগত সহায়তা ও নিরাপত্তা

- সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান নিজ উদ্যোগে যানবাহন, বই এবং অন্যান্য সরঞ্জামাদির নিরাপত্তা নিশ্চিত করবে।
- যানবাহন, বই এবং অন্যান্য সরঞ্জামাদির মেরামত, সংস্কার বা দুর্ঘটনাজনিত কোনো ক্ষয়ক্ষতির দায়ভার সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বা গণগ্রন্থাগার অধিদপ্তর বহন করবে না।
- প্রয়োজনবোধে যানবাহন ও বইয়ের বীমা সুবিধা নিশ্চিত করতে হবে।
- গাড়ির অবস্থানস্থলে কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে প্রয়োজনে স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা গ্রহণ করা যাবে।
- বই ব্যবহারকারীর ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষা করতে হবে।

নির্দেশিকাটি ভ্রাম্যমাণ লাইব্রেরি সেবা পরিচালনাকে সহজ, কার্যকর এবং জনগণের জন্য সুলভ করার জন্য প্রণীত। এর যথাযথ বাস্তবায়ন সেবার মানোন্নয়ন ও সার্বজনীন প্রাপ্যতা/সুবিধা নিশ্চিত করবে।

CamScanner

CamScanner